রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, আগস্ট ২৩, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৮ ভাদ্র ১৪৩৩/ ২৩ আগস্ট ২০২৬

নম্বর: ০৪.০০.০০০০.০০০.৪২১.৬২.০০১৪.২৬.২৭৮—গত ১৩ হতে ১৭ আগস্ট ২০২৬ তারিখে অস্ট্রেলিয়ার ডারউইনে অনুষ্ঠিত দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথম টেস্টে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল স্বাগতিক অস্ট্রেলিয়া জাতীয় ক্রিকেট দলকে ৯ উইকেটে পরাজিত করেছে।

২। বাংলাদেশ দলের এ সাফল্য কেবল একটি ম্যাচের জয় নয়; বরং আন্তর্জাতিক টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ক্রমবর্ধমান সক্ষমতা, আত্মবিশ্বাস, শৃঙ্খলা, দলগত সংহতি ও প্রতিযোগিতামূলক মানসিকতার এক উজ্জ্বল বহিঃপ্রকাশ। বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এই অর্জন দেশের ক্রীড়া ইতিহাসে একটি অনন্য মাইলফলক হিসেবে বিবেচিত হবে।

৩। অস্ট্রেলিয়ার ডারউইনের মারারা স্টেডিয়ামে টেস্ট ক্রিকেটে বাংলাদেশ জাতীয় দলের এই ঐতিহাসিক জয়ে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল, দলের অধিনায়ক, খেলোয়াড়, কোচ, সাপোর্ট স্টাফ, বাংলাদেশ ক্রিকেট বোর্ডসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করে ২ ভাদ্র ১৪৩৩/ ১৭ আগস্ট ২০২৬ তারিখের মন্ত্রিসভা-বৈঠকে একটি অভিনন্দন প্রস্তাব গৃহীত হয়।

৪। মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাসিমুল গনি
মন্ত্রিপরিষদ সচিব

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

ঢাকা : ২ ভাদ্র ১৪৩৩ / ১৭ আগস্ট ২০২৬

গত ১৩ থেকে ১৭ আগস্ট ২০২৬ তারিখে অস্ট্রেলিয়ার ডারউইনে অনুষ্ঠিত দুই ম্যাচের টেস্ট সিরিজের প্রথম টেস্টে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল, স্বাগতিক অস্ট্রেলিয়া জাতীয় ক্রিকেট দলকে ৯ উইকেটে পরাজিত করেছে। অস্ট্রেলিয়ার ডারউইনের মারারা স্টেডিয়ামে টেস্ট ক্রিকেটে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এই অর্জন দেশের ক্রীড়া ইতিহাসে একটি অনন্য মাইলফলক হিসেবে বিবেচিত হবে। এ ঐতিহাসিক জয়ের ফলে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপে ৬৬.৬৭ পয়েন্ট নিয়ে চতুর্থ স্থানে রয়েছে। ম্যাচে বাংলাদেশ প্রথম ইনিংসে ৪২৬ রান সংগ্রহ করে অস্ট্রেলিয়ার বিপক্ষে ২২৮ রানের গুরুত্বপূর্ণ লিড নেয়। তানজিদ হাসানের শতরান এবং দলের সম্মিলিত ব্যাটিং পারফরম্যান্স এই লিড অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বোলিং বিভাগেও বাংলাদেশ অসাধারণ নৈপুণ্য প্রদর্শন করে। হাসান মাহমুদ ম্যাচে মোট ৯টি উইকেট নিয়ে ম্যাচসেরার পুরস্কার লাভ করেন। মেহেদী হাসান মিরাজ দ্বিতীয় ইনিংসে ৫টি উইকেট নিয়ে অস্ট্রেলিয়ার ব্যাটিং লাইনআপকে বিপর্যস্ত করেন। বাংলাদেশ দলের এ সাফল্য কেবল একটি ম্যাচের জয় নয়; বরং আন্তর্জাতিক টেস্ট ক্রিকেটে বাংলাদেশের ক্রমবর্ধমান সক্ষমতা, আত্মবিশ্বাস, শৃঙ্খলা, দলগত সংহতি ও প্রতিযোগিতামূলক মানসিকতার একটি উজ্জ্বল বহিঃপ্রকাশ। অস্ট্রেলিয়ার অধিনায়ক প্যাট কামিন্সও স্বীকার করেছেন যে, বাংলাদেশ দল খেলাটির সব বিভাগেই অস্ট্রেলিয়াকে ছাড়িয়ে গেছে।

মন্ত্রিসভা দৃঢ়ভাবে বিশ্বাস করে যে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের এই ঐতিহাসিক সাফল্য দেশের তরুণ ও উদীয়মান প্রজন্মকে খেলাধুলায় আরও উৎসাহিত করবে এবং আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের মর্যাদা ও ভাবমূর্তি আরও সুদৃঢ় করবে।

অস্ট্রেলিয়ার মাটিতে বাংলাদেশের প্রথম টেস্ট জয়ে বাংলাদেশ জাতীয় ক্রিকেট দল, দলের অধিনায়ক, খেলোয়াড়, কোচ, সাপোর্ট স্টাফ, বাংলাদেশ ক্রিকেট বোর্ডসহ সংশ্লিষ্ট সকলকে মন্ত্রিসভা আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জ্ঞাপন করছে।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd